# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়ায্যিনের আযান দেওয়ার জন্য ক্ষমা প্রাপ্তি সম্পর্কে বর্ণনা

## ذِكْرُ إِثْبَاتِ الْغُفْرَانِ لِلْمُؤَذِّنِ بِأَذَانِهِ

আরবী

1670 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال: (الْإِمَامُ ضَامِنٌ وَالْمُؤَذِّنُ مُؤْتَمَنٌ فَأَرْشَدَ اللَّهُ الْأَئِمَّةَ وغفر للمؤذنين)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1619 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (1/ 231 ـ 235/ 217)، ((صحيح أبي داود)) (530 ـ 561)، ((الروض)) (1076 ـ 1079).

قَالَ أَبُو حَاتِمٍ: الْفَرْقُ بَيْنَ الْعَفْوِ وَالْغُفْرَانِ: أَنَّ الْعَفْوَ قَدْ يَكُونُ مِنَ الرَّبِّ جَلَّ وَعَلَا لِمَنِ اسْتَوْجَبَ النَّارَ مِنْ عِبَادِهِ قَبْلَ تَعْذِيبِهِ إِيَّاهُمْ نَعُوذُ بِاللَّهِ مِنْهُ وَقَدْ يَكُونُ ذَلِكَ بَعْدَ تَعْذِيبِهِ إِيَّاهُمُ الشَّيْءَ الْيَسِيرَ ثُمَّ يَتَفَضَّلُ عَلَيْهِمْ جَلَّ وَعَلَا بِالْعَفْوِ إِمَّا مِنْ حَيْثُ يُرِيدُ أَنْ يَتَفَضَّلَ وَإِمَّا بِشَفَاعَةِ شَافِعٍ.

وَالْغُفْرَانُ: هُوَ الرِّضَا نَفْسُهُ وَلَا يَكُونُ الْغُفْرَانُ مِنْهُ جَلَّ وَعَلَا لِمَنِ اسْتَوْجَبَ النِّيرَانَ بِفَضْلِهِ إِلَّا وَهُوَ يَتَفَضَّلُ عَلَيْهِمْ بِأَنْ لَا يُدْخِلَهُمْ إِيَاهَا بحيله.

বাংলা

১৬৭০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ইমাম জামিনদার আর মুয়ায্যিন আমানতদার। মহান আল্লাহ ইমামদের সঠিক পথ প্রদর্শন করুন আর মুয়ায্যিনদের ক্ষমা করুন।” আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “ العفو ও الغفران এর মাঝে পার্থক্য

হলো, العفو হলো মহান প্রতিপালকের পক্ষ থেকে ঐ ব্যক্তির জন্য ক্ষমা, যার জন্য জাহান্নাম আবশ্যক হয়ে যায়, তাকে শাস্তি দেওয়ার আগেই ক্ষমা করে দেন। (আমরা আল্লাহর কাছে তাঁর শাস্তি থেকে আশ্রয় চাই) আবার কখনো তিনি তাকে অল্প শাস্তি দেওয়ার পর ক্ষমা করেন হয়তো নিজ অনুগ্রহেই তাকে ক্ষমা করেন অথবা কোন সুপারিশকারীর সুপারিশকারীর সুপারিশের কারণে ক্ষমা করেন। আর الغفران হলো খোদ তাঁর সন্তুষ্টি, এটি জাহান্নাম অবধারিত ব্যক্তির ব্যক্তির জন্য এভাবে হয় যে, তিনি তাকে অনুগ্রহ করে নিজ ক্ষমতায় জাহান্নামে প্রবেশ করান না।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪১৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৩১; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৫৭; সুনান বাইহাকী: ১/৪৩০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৩৯; হুমাইদী: ৯৯৯; তিরমিযী: ২০৭; আবূ দাঊদ: ৫১৭; তাহাবী, মুশকিলুল আসার: ৩/৫২; তাবারানী আস সাগীর: ১/১০৭; বাযযার; ৩৫৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫৩০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91264

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন